

## ■ সহীহ ইবনু হিব্রান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৩১৩

১১. কিতাবুয় যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ যেই কারণে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম নারীদের অধিক পরিমাণে সাদাকাহ করার নির্দেশ দিয়েছেন

ذِكْرُ الْعِلَّةِ الَّتِي مِنْ أَجْلِهَا حَثَّ النِّسَاءَ عَلَى الْإِكْثَارِ مِنَ الصَّدَقَةِ

আরবী

3313 - أَخْبَرَنَا الْفَضْلُ بْنُ الْحُبَابِ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ حَدَّثَنَا مُحَمَّدٌ عَنْ شُعْبَةَ عَنِ الْحَكَمِ قَالَ: سَمِعْتُ ذَرَّا يُحَدِّثُ عَنْ وَائِلِ بْنِ مُهَانَةَ، عَنِ ابْنِ مَسْعُودٍ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّهُ قَالَ لِلنِّسَاءِ: (تَصَدَّقْنَ فَإِنَّكُنْ أَكْثَرُ أَهْلِ النَّارِ) قَالَ امْرَأٌ لَيْسَتْ مِنْ عِلْيَةِ النِّسَاءِ: بِمَ - أَوْ لِمَ؟ قَالَ: (إِنَّكُنَّ تُكْثِرُ اللَّعْنَ وَتَكْفُرُنَ الْعَشِينَ) قَالَ عَبْدُ اللَّهِ: مَا مِنْ نَاقِصَاتِ الْعُقْلِ وَالدِّينِ أَغْلَبُ عَلَى الرِّجَالِ ذَوِي الْأَمْرِ عَلَى أَمْرِهِمْ مِنَ النِّسَاءِ قِيلَ: وَمَا نُقْصَانُ عَقْلِهَا وَدِينِهَا؟ قَالَ: أَمَّا نُقْصَانُ عَقْلِهَا فَإِنَّ شَهَادَةَ امْرَأَتِينِ بِشَهَادَةِ رَجُلٍ وَأَمَّا نُقْصَانُ دِينِهَا فَإِنَّهُ يَأْتِي عَلَى إِحْدَاهِنَّ كَذَّا وَكَذَّا مِنْ يَوْمٍ لَا تَصْلِي فِيهِ صلاةً وَاحِدَةً

الراوي : ابن مسعود | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات  
الحسان على صحيح ابن حبان  
الصفحة أو الرقم: 3313 | خلاصة حكم المحدث: ضعيف - ((الضعيفة)) (6106),  
((الظلال)) (2/463 - 464): م - عن أبي هريرة وأبن عمر مرفوعاً كله.

বাংলা

৩৩১৩. আব্দুল্লাহ বিন মাসউদ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম নারীদের বলেছেন, “তোমরা সাদাকাহ করো। কেননা তোমরাই জাহানামের অধিকাংশ অধিবাসী হবে।” তখন একজন নারী, যিনি খুব সন্তুষ্ট পরিবারের নারী নন, তিনি বলেন, “কী কারণে?” জবাবে তিনি বলেন, “তোমরা অধিক পরিমাণে অভিসম্পাত করো এবং স্বামীর অকৃতজ্ঞতা প্রকাশ করো।”

আব্দুল্লাহ বিন মাসউদ রাহিয়াল্লাহু আনহু বলেন, “নারীরা বুদ্ধি ও দ্বীনদারিতার দিক দিয়ে কমতি থাকার পরেও তারা প্রজ্ঞাবান পুরুষের উপর বেশি প্রাবল্যতা লাভ করে।” তাঁকে বলা হলো, “তাদের বুদ্ধি ও দ্বীনদারিতার কমতি কী?” জবাবে তিনি বলেন, “তাদের বুদ্ধির কমতি হলো দুইজন নারীর সাক্ষ্য একজন পুরুষের সাক্ষ্যের সমান। আর তাদের দ্বীনদারিতার কমতি হলো, তাদের এতো এতো দিন (খ্রতুস্বাব, নিফাস) হয়, যাতে তারা এক ওয়াক্ত সালাতও আদায় করে না।”[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ১/৮৩৩; দারেমী: ১/২৩৭; মুসানাফ ইবনু আবী শায়বাহ: ৩/১১০; নাসাই, ইশরতুন নিসা: ৩৭৫।

হাদীসটির ব্যাপারে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাল্লাহ স্পষ্ট কোন মন্তব্য করেননি। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাল্লাহ হাদীসটিকে যষ্টফ বলেছেন। (যষ্টফা: ৬১০৬)

হাদিসের মান: যষ্টফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আব্দুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=92644>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন